

🗏 আল-আম্বিয়া | Al-Anbiya | ٱلْأَنْبِيَاء

আয়াতঃ ২১: ২৯

💵 আরবি মূল আয়াত:

وَ مَن يَّقُل مِنهُم اِنِّى اللهُ مِّن دُونِهٖ فَذَٰلِكَ نَجزِيهِ جَهَنَّمَ اَ كَذَٰلِكَ نَجزِى الظَّلِمِينَ ﴿٢٩﴾

আর তাদের মধ্যে যে-ই বলবে, 'তিনি ছাড়া আমি ইলাহ', তাকেই আমি প্রতিদান হিসেবে জাহান্নাম দেব; এভাবেই আমি যালিমদের আয়াব দিয়ে থাকি। — আল-বায়ান

তাদের মধ্যে যে বলবে যে, 'তিনি ব্যতীত আমিই ইলাহ', তাহলে আমি তাকে তার প্রতিফল দেব জাহান্নাম। যালিমদেরকে আমি এভাবেই পুরস্কার দিয়ে থাকি। — তাইসিক্রল

তাদের মধ্যে যে বলবেঃ তিনি ব্যতীত আমিই মা'বূদ, তাকে আমি প্রতিফল দিব জাহান্নাম, এভাবেই আমি যালিমদেরকে প্রতিফল দিয়ে থাকি। — মুজিবুর রহমান

And whoever of them should say, "Indeed, I am a god besides Him"- that one We would recompense with Hell. Thus do We recompense the wrongdoers. — Sahih International

- ২৯. আর তাদের মধ্যে যে বলবে, তিনি ব্যতীত আমিই ইলাহ, তাকে আমরা জাহান্নামের শাস্তির প্রতিদান দেব: এভাবেই আমরা যালেমদেরকে প্রতিদান দিয়ে থাকি।(১)
 - (১) আল্লাহ্ তা'আলা এ কথা জানিয়ে দিচ্ছেন যে, যে কেউ দাবী করবে আল্লাহর সাথে আমিও ইলাহ বা মাবুদ আমি অবশ্যই তাকে জাহান্নাম দিয়ে শাস্তি দিব। এভাবেই আমি যালেমদের বা মুশরিকদেরকে শাস্তি দিয়ে থাকি। এর অর্থ এ নয় যে, কেউ এ দাবী করবে। [ইবন কাসীর] এ পর্যন্ত কেউ এ দাবী করেনি। যদি কেউ দাবী করে তবে সে নিঃসন্দেহে তাগুত। একমাত্র ইবলিসই এ দাবী করেছিল বলে কোন কোন কিতাবে উল্লেখ পাওয়া যায়। [দেখুন: ফাতহুল কাদীর] তাই ইবলিসকে সমস্ত তাগুতের প্রধান বলা হয়।

তাফসীরে জাকারিয়া

(২৯) তাদের মধ্যে যে বলবে, 'আমিই উপাস্য তিনি ব্যতীত' তাকে আমি শাস্তি দিব জাহান্নামে; [1] এভাবেই আমি সীমালংঘনকারীদেরকে শাস্তি দিয়ে থাকি।



[1] অর্থাৎ, এই ফিরিশতাদের মধ্য হতে কেউ যদি উপাস্য হওয়ার দাবী করে তাহলে তাকেও আমি জাহান্নামে পাঠাব। এ বাক্যটির বক্তব্য শর্তসাপেক্ষ, যা সংঘটিত হওয়া জরুরী নয়। উদ্দেশ্য শিরকের খন্ডন ও তাওহীদের প্রতিষ্ঠা। যেমন তিনি অন্যত্র বলেন, ﴿وَٰكُ فَأَنَا أَوَّلُ الْعَابِدِينَ } অর্থাৎ, বল, পরম দয়াময় আল্লাহর কোন সন্তান থাকলে আমিই হতাম তার উপাসকগণের অগ্রণী। (যুখরুফঃ ৮১) ﴿نَا لَا الْعَابِدِينَ لَا اللهُ عَالَى اللهُ عَمْلُكُ وَاللهُ عَالَى اللهُ وَاللهُ عَمْلُكُ وَاللهُ عَمْلُكُ وَاللهُ اللهُ وَاللهُ اللهُ وَاللهُ وَاللهُ اللهُ وَاللهُ وَاللل

তাফসীরে আহসানুল বায়ান

• Source — https://www.hadithbd.com/quran/link/?id=2512

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন